



রমজানের বিদায় কালে আত্ম-সমালোচনা

আবু হুরায়রা (রা.) সূত্রে বর্ণিত, রাসুল (সা.) বলেন, 'যখন রমজান উপস্থিত হয়, জান্নাতের দরজা খুলে দেওয়া হয়। জাহান্নামের সব দরজা বন্ধ করে দেওয়া হয়। দুষ্ট শয়তানদের শৃঙ্খলে আবদ্ধ করা হয়।' (মুসলিম, হাদিস: ১০৭৯)

রমজান মাসের অন্যতম বৈশিষ্ট্য হলো, এ মাসে অভিশপ্ত শয়তানকে শৃঙ্খলিত করা হয়।

তাহলে প্রশ্ন জাগে, রমজান মাসে শয়তান শিকলে আবদ্ধ থাকলে রমজানের এবাদতে সঠিক মনোনিবেশ করতে কে আমাদের বাঁধা দিচ্ছে, কে আমাদেরকে রমজানের শিক্ষা নিজের জীবনে বাস্তবায়নের দিকটা থেকে নির্লিপ্ত রাখছে।

আসুন আত্ম-সমালোচনা করে দেখি রমজানের সকল ভুল, দুর্বলতা, অলসতার জন্য আমাদের নিজের ভূমিকা কতোটুকু- আমাদের আন্তরিকতা ও প্রচেষ্টার মধ্যে কোথায় কোন খুঁত আছে কি?

আল্লাহ্ আমাদেরকে নিজের (নফস) মন্দ থেকে রক্ষা করুন, আমীন!

আসুন, আল্লাহর দরবারে দোয়া করি।

ربنا آتينا من لدنك رحمةً وهبنا لنا من أمرنا رشداً

'হে আমাদের প্রতিপালক! তুমি নিজের তরফ থেকে আমাদেরকে করুণা দান কর এবং আমাদের কাজ-কর্ম সঠিকভাবে পরিচালনার ব্যবস্থা কর।'-সূরা কাহাফ-১০

এটি হোল সেই যুবকদের দোয়া, যাদেরকে 'আসহাবে কাহ্ফ'(গুহার অধিবাসী) বলা হয়েছে। তারা যখন নিজেদের দ্বীনের রক্ষার্থে গুহায় আশ্রয় নিয়েছিল, তখন এই প্রার্থনা করেছিল। আসহাবে কাহ্ফদের এই ঘটনায় যুবকদের জন্য রয়েছে গুরুত্বপূর্ণ শিক্ষা। আমাদের বেশীর ভাগ সময় নষ্ট হয় অনর্থক কার্যকলাপে তথা আল্লাহর প্রতি তাদের তেমন কোন দ্রুক্ষেপ থাকে না।

اللهم الهمني رشدي، وأعدني من شر نفسي

"হে আল্লাহ, আমাকে হেদায়েতের দ্বারা অনুপ্রাণিত করুন এবং আমাকে নিজের মধ্যে থাকা মন্দ থেকে রক্ষা করুন।"-হাদিস

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হুসেনকে রাদিয়াল্লাহু আনহুকে এই দোয়াটি শিখিয়েছিলেন, যা এর গুরুত্ব প্রদর্শন করে।

اللهم اهْدني وسدِّدني

হে আল্লাহ আমাকে হেদায়েত দিন এবং আমাকে এতে (হেদায়েতে) দৃঢ় ভাবে আঁকড়ে রাখুন। রিয়াদ আস-সালিহিন ১৪৩৭/ পর্ব-১৬, হাদিস ৯